৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমসে গোল্ড মেডেল পেলেন মেহেরপুরের মেহেদী

৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমসের বাস্কেটবল পুরুষ বিভাগে বাংলাদেশ সেনাবাহিনীকে ৫ পয়েন্টে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে বাংলাদেশ নৌবাহিনী। চ্যাম্পিয়ন দলের খেলোয়াড় মেহেরপুরের মেহেদী গোল্ড মেডেল জয় করেছেন।
গোল্ড মেডেল পাওয়ার পর আজ দুপুরে তিনি মেহেরপুর প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেছেন।
তিনি জানান, রাজধানীয় ধানমণ্ডিতে ৯ম বঙ্গবন্ধু বাংলাদেশ গেমস বাস্কেটবল ফাইনাল খেলা অনুষ্ঠিত হয় আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে। এতে মেহেদী বাংলাদেশ নৌবাহিনীর হয়ে খেলায় অংশ নেন। বাংলাদেশ নৌবাহিনী ৫ পয়েন্টে বাংলাদেশ সেনবাহিনীকে পরাজিত করে। বাংলাদেশ নৌবাহিনী ৫৭ পয়েন্ট অর্জন করে এবং বাংলাদেশ সেনবাহিনী অর্জন করে ৫২ পয়েন্ট। খেলা শেষে চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের গোল্ড মেডেল পরিয়ে দেওয়া হয়। বাংলাদেশ বাস্কেটবল ফেডারেশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিনের সভাপতিত্বে সমাপণী অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ অলিম্পিক এসোসিয়েশনের মহাসচিব সৈয়দ শাহেদ রেজা।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু এনপিএল ক্রিকেট লীগের উদ্বোধন

চুয়াডাঙ্গায় স্বল্প পরিসরে বঙ্গবন্ধু এনপিএল (নাইটিঙ্গেল প্রিমিয়ার লীগ) ক্রিকেট লীগ-২০২১ এর উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১০টায় সামাজিক দূরত্ব বজায় রেখে এ লীগের উদ্বোধন করা হয়।

চুয়াডাঙ্গা হায়দার আলী জোয়ার্দ্দার প্যাভিলিয়ন সংলগ্ন পুরাতন স্টেডিয়ামে এ ক্রিকেট লীগের উদ্বোধন করেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মো. জাহিদুল ইসলাম।
চুয়াডাঙ্গার নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির প্রতিষ্ঠাতা সভাপতি জেলা আওয়ামীলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল-আমিন, সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি, বঙ্গবন্ধু এন.পি.এল ক্রিকেট লীগের কো- চেয়ারম্যান মাহফুজুর রহমান জোয়ার্দ্দার মিজাইল, চুয়াডাঙ্গা ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমির সাধারণ সম্পাদক সামসুদ্দোহা মালিক হাসু, চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিক, জেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য নাসির আহাদ জোর্য়াদ্দার ও সাবেক কৃতি ক্রিকেটার সুরেশ কুমার আগরওয়ালা পিন্টু।

উদ্বোধন শেষে ক্রিকেট পিচে ব্যাটিং ও বোলিং করে ক্রিকেট লীগের আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিথিবৃন্দ।

ব্যাটিং করেন প্রধান অতিথী পুলিশ সুপার জাহিদুল ইসলাম ও বোলিং করেন অনুষ্ঠানের সভাপতি রিয়াজুল ইসলাম জোয়ার্দ্দার টোটন। শেষে উদ্বোধনী দু-দলের অধিনায়ককে সাথে নিয়ে টস করে অতিথিগণ খেলার সূচনা করেন।

উদ্বোধনী ম্যাচে শেখ রেহেনা একাদশ ও ফজলে নুর তাপস একাদশের মধ্যেকার ম্যাচ টাই হলে প্রচন্ড গরমের কারনে সুপার ওভার না খেলিয়ে ১-১ পয়েন্ট করে পয়েন্ট ভাগা-ভাগি করা করে দেওয়া হয়।

উল্লেখ্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সূবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের আয়োজনে ও চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির ব্যবস্থাপনায় ক্রিকেট লীগটি শুরু হলো।

খেলায় যে ৮টি দল অংশ নিচ্ছে তারা হলো শেখ কামাল একদাশ (চুয়াডাঙ্গা জেলা প্রশাসন), শেখ জামাল একাদশ (পুলিশ প্রশাসন), শেখ রাসেল একাদশ (চুয়াডাঙ্গা প্রেসক্লাব), শেখ আবু নাসের একাদশ (চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা কমান্ড), শেখ সজিব ওয়াজেদ জয় একাদশ (ফার্স্ট ক্যাপিটাল ইউনিভারসিটি), শেখ রেহেনা একাদশ (চুয়াডাঙ্গা

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমি), শেখ মনি একাদশ (চুয়াডাঙ্গা পৌরসভা) ও শেখ ফজলে নুর তাপস একাদশ (চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমি)।

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন চাঁদপুর ইউনিয়ন

ঝিনাইদহে ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ট্র হামিদুর রহমান স্টেডিয়ামে খেলাটি অনুষ্ঠিত হয়।

হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়ন ২-০ গোলে সদর উপজেলার ঘোড়শাাল ইউনিয়নকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। করোনা মহামারী উপক্ষো করে দু’দলের এই তুমুল প্রতিদ্বন্দীতা পূর্ণ খেলা ঝিনাইদহের মানুষ দীর্ঘ দিন পর উপভোগ করেন। খেলা শুরু হতে না হতেই গ্যালারী কানাই কানাই পূর্ণ হয়ে যায়।

মাস ব্যাপী এ টুর্নামেন্টের সভাপতির দায়িত্বে ছিলেন, ঝিনাইদহের জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি আব্দুল হাই এমপি, সংরক্ষিত মহিলা আসনের সাংসদ খালেদা খানম এমপি, পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, অতিরিক্ত জেলা প্রশাসক সেলিম রেজা, ভাষা সৈনিক মুসা মিয়া আন্ত-ইউনিয়ন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের পৃষ্ঠপোষক ও জাহেদি ফাউন্ডেশন নির্বাহী পরিচালক নাসের শাহরিয়ার জাহেদি মহুল,

হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, হরিণাকুণ্ডু

উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানাসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও জেলার ক্রীড়া সংস্থার নেতৃবৃন্দ।

খেলায় চ্যাম্পিয়ন দলকে ৩ লাখ টাকা এবং রানার্স আপ দলকে ২ লাখ টাকা প্রাইজমানি হিসেবে উপহার দেওয়া হয়।

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলায় মুজিববর্ষ উৎযাপন উপলক্ষে বঙ্গবন্ধু শেখ মুজিব ঢাকা ম্যারাথন দৌড় অনুষ্ঠিত হয়েছে।
গতকাল বুধবার সকাল সাড়ে ৭টায় দামুড়হুদার হাউলি ইউনিয়ন পরিষদের সামনে (ডুগডুগি) থেকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম পর্যন্ত প্রায় ৬কিলোমিটার ম্যারাথন দৌড় এর উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।
এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, দামুড়হুদা ওদুদ শাহ ডিগ্রি কলেজের প্রিন্সিপাল কামাল উদ্দীন, উপজেলা মাধ্যমিক অফিসার আব্দুল মতিন, প্রাথমিক শিক্ষা অফিসার সাকি ছালাম, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবী, হাউলি ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দীনসহ উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তাবৃন্দ।
এই প্রতিযোগীতায় প্রায় ৫০জন অংশ নেয়। প্রতিযোগীতা
শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানসহ অতিথিবৃন্দ।
অনুষ্ঠান পরিচালনা করেন সমবায় অফিসার হারুন অর
রশিদ।

চকশ্যামনগরে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে মারামারি, আহত -৫

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামে ক্রিকেট খেলাকে কেন্দ্র করে মারধরের ঘটনা ঘটেছে, যাতে আহত হয়েছে ৫ জন।
গতকাল বুধবার বিকালে চকশ্যাম নগর খেলার মাঠে এই ঘটনা ঘটে।
আহতরা হলেন, মেহেরপুর সদর উপজেলার রাজাপুর গ্রামের আঙ্গুর আলীর ছেলে তারিক (২২), একই গ্রামের আজগর আলীর ছেলে আরিফ (৩২), আবুসিদ্দীকির ছেলে শামিম (২৫) ও আসাদ (২২), জিয়ারুল ইসলামের ছেলে রাকিব (২০)।
ঘটনা সূত্রে জানা যায়, মেহেরপুর চকশ্যামনগর খেলার মাঠে হাজী রহিম মন্ডল স্মৃতি ক্রিকেট টুর্নামেন্ট খেলার আয়োজন করা হয়। এই খেলায় গতকাল বুধবার বিকালে একদিকে অংশগ্রহণ করে চকশ্যামনগর একাদশ ও অপরদিকে অংশগ্রহণ করে রাজাপুর একাদশ। খেলার মাঝখানে রাজাপুর একাদশ ফিল্ডিং করলে বেশকিছুক্ষণ খেলা চলে এক পর্যায়ে ওয়াইড বলকে কেন্দ্র করে আম্পায়ার লালন ও আতিয়ারের সাথে কথা কাটাকাটির সূত্র ধরে মারামারি হয়।
এ সময় রাজাপুর একাদশের ৫ জন আহত হয়। আহতরা মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আবস্থায় আছে।

মেহেরপুরের পিরোজপুরে হয়ে গেল ডিজিটাল ম্যারাথন দৌড়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ডিজিটাল ম্যারাথন দৌড় মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নে অনুষ্ঠিত হয়েছে।
গতকাল সোমবার বিকাল তিনটার সময় বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধায়নে ম্যারাথন অনুষ্ঠান পিরোজপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সামনে অনুষ্ঠিত হয়। ডিজিটাল ম্যারাথন এর উদ্বোধন করেন পিরোজপুর ইউপি চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি

আবদুস সামাদ বাবলু বিশ্বাস।
অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পিরোজপুর ইউপি প্যানেল চেয়ারম্যান ওহিদুর রহমান, ইউপি সদস্য আরমান আলী, মুর্শিদকুলি মেগা, জয়নাল মিয়া, আরজান আলী, হিমাদুল, ইউনিয়ন পরিষদের সচিব এরশাদ আলী। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন পিরোজপুর ইউনিয়ন পরিষদের কম্পিউটার অপারেটর আসিফ ইকবাল।
এ সময় পিরোজপুর ইউনিয়ন পরিষদের ১৪৫ জন ম্যারাথন বঙ্গবন্ধু ডিজিটাল ম্যারাথন দৌড়ে অংশগ্রহণ করেন। ইউনিয়ন পরিষদ কার্যালয় এর সামনে থেকে দৌড় শুরু করে ৫ কিলোমিটার দৌড় শেষে পুনরায় ইউনিয়ন পরিষদ চত্বরে এসে শেষ হয়।
পরে সেখানে ১০ জনকে বিজয়ী ঘোষণা করা হয়। প্রথম হয়েছে গহরপুর গ্রামের জাবের আলী ছেলে ময়েন, দ্বিতীয় হয়েছে রাজনগর গ্রামের মিরাজুল ইসলামের ছেলে সাঈদ হোসেন, তৃতীয় গহরপুর গ্রামের রায়হানের ছেলে হাবিবুল্লাহ, চতুর্থ পিরোজপুর গ্রামের শাহিন মন্ডল এর ছেলে হাসিবুল, পঞ্চম পিরোজপুর পশ্চিম পাড়ার এনামুল ইসলামের ছেলে ওয়াইস করনী।
পরে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

রাতে মাকে নিয়ে দেশ ছেড়েছেন সাকিব

যুক্তরাষ্ট্রের উদ্দেশে দেশ ছেড়েছেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। সন্তানসম্ভবা স্ত্রীর পাশে থাকতে মাকে নিয়ে যুক্তরাষ্ট্র যাচ্ছেন এই ক্রিকেটার। রোববার দিবাগত রাত ৩ টার দিকে শাহজালাল বিমানবন্দর থেকে বিদেশে পাড়ি জমান তিনি।

সাকিবপত্নী উম্মে আহম্মেদ শিশির তৃতীয় সন্তানের জন্ম দিচ্ছেন। তিনি দুই সন্তানকে নিয়ে যুক্তরাষ্ট্রেই থাকেন।

দীর্ঘদিনের নিষেধাজ্ঞা কাটিয়ে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে ফেরেন সাকিব। তবে ওয়ানডে সিরিজে আলো

ছড়ালেও ঊরুর চোটে ছিটকে গেছেন টেস্ট থেকে।

২৩ ফেব্রুয়ারি নিউজিল্যান্ডের উদ্দেশে দেশ ছাড়বেন তামিম ইকবাল, মুশফিকুর রহিমরা। এই দলের সঙ্গে নিউজিল্যান্ড যাওয়ার কথা ছিল সাকিবের। তবে সিরিজ চলাকালীন তৃতীয় সন্তানের পিতা হবেন তিনি। এজন্য বোর্ডের কাছে ছুটি চেয়ে আবেদন করেছিলেন। সাকিবের আবেদন মঞ্জুর করে ছুটি দিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। এজন্য নিউজিল্যান্ড সফল মিস করছেন সাকিব।

এদিকে আইপিএলে খেলতে শ্রীলংকার বিপক্ষে টেস্ট থেকে ছুটি চেয়েছেন সাকিব। বিসিসি সেই আবেদনও মঞ্জুর করেছে। এ নিয়ে ব্যাপক সমালোচনা হচ্ছে। এই সমালোচনার মধ্যে সাকিবের কেন্দ্রীয় চুক্তিতে থাকা না থাকা নিয়ে দোলাচল দেখা দিয়েছে।

এর আগে রোববার মাকে সঙ্গে নিয়ে যুক্তরাষ্ট্রগামী বিমানে উঠেছেন সাকিব। বিষয়টি নিশ্চিত করেছেন বিসিবির লজিস্টিক সাপোর্টের দায়িত্বে থাকা কর্মকর্তা ওয়াসিম খান।

তামিমাকে আর ফেরত নিতে চান না রাকিব

বাংলাদেশের জাতীয় দলের ক্রিকেটার নাসির হোসেনকে নিয়ে আলোচনা- সমালোচনা যেন থামছেই না। বিশ্ব ভালোবাসা দিবসে কেবিন ক্রু তামিমা তাম্মিকে বিয়ে করেছেন এই ক্রিকেটার। গত ১৭ ফেব্রুয়ারি হলুদ ও ১৯ ফেব্রুয়ারি হয়েছে বিবাহোত্তর সংবর্ধনাও। এরইমধ্যে অভিযোগ উঠেছে, ৮ বছরের কন্যাকে রেখে আগের স্বামীকে তালাক না দিয়েই নাসিরের সঙ্গে বিয়ে করেছেন স্ত্রী তামিমা তাম্মি।

শনিবার (২০ ফেব্রুয়ারি) দুপুরে রাইসা ইসলাম বাবুনি নামক এক ফেসবুক ব্যবহারকারীর একটি পোস্ট ভাইরাল হয়। যেখানে তামিমার স্বামী রাকিবের পক্ষে দাবি করা হয়েছে, এখনও তাদের মধ্যে বৈবাহিক সম্পর্ক রয়েছে। তাদের ঘরে রয়েছে ৮ বছর বয়সী একটি মেয়ে সন্তানও। তালাক না দিয়ে নতুন বিয়ে করায় তামিমার বিরুদ্ধে থানায় সাধারণ

ডায়েরি (জিডি) করেছেন রাকিব।

একবছরের প্রেমের সম্পর্কের পর ২০১১ সালে বরিশালের যুবক রাকিব হাসানকে বিয়ে করেন তামিমা। বিয়ের পর তামিমার পড়াশোনার দায়িত্ব পড়ে স্বামী রাকিবের ওপর। দীর্ঘদিন পড়াশোনা করানোর পর চাকরিতে যোগ দেন তামিমা। এরপরই বেপরোয়া হয়ে উঠেন তিনি। স্বামীকে না জানিয়েই নারায়ণগঞ্জের হিন্দুধর্মাবলম্বী অলকের সঙ্গে ৬ মাস সংসার করেন তামিমা। পরে স্বামী রাকিবের কাছে ক্ষমা চেয়ে আবারো সংসার ঠিক রাখেন তিনি।

এরপর ভালোই চলছিলো তাদের সংসার। হঠাৎই সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচয় হয় ক্রিকেটার নাসির হোসেনের সাথে। পরে সামাজিক যোগাযোগ মাধ্যম থেকে বেরিয়ে চলে মেলামেশা। তবে তাদের এমন কর্মকাণ্ড কিছুটা আঁচ করতে পারেন রাকিব।

এসব বিষয় নিয়ে গণমাধ্যমকে রাকিব বলেন, ‘চাকরির সুবাধে বেশির ভাগ সময় দেশের বাইরে থাকলেও তামিমা এবার কবে দেশে এসেছেন সেটাও জানেন না তিনি। নাসিরের সঙ্গে বিয়ের পরই তিনি জানতে পারেন তার স্ত্রী দেশে এসে নাসিরকে বিয়ে করেছেন।’

স্ত্রীকে আর ফেরত নিতে চান না জানিয়ে রাকিব বলেন, ‘আমি এরইমধ্যে থানায় জিডি করেছি। তামিমাকে আমি আর ফেরত নিতে চাই না। তবে আমাকে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন করা ও না জানিয়ে বিয়ে করায় স্ত্রীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেব। তবে আপাতত নাসিরের বিরুদ্ধে আমি কোনো ধরনের আইনি পদক্ষেপ নিচ্ছি না।’

এদিকে নাসির ও তামিমার কাণ্ডে রাকিবের পাশে দাঁড়ানোর ঘোষণা দিয়েছে পুরুষ অধিকার নিয়ে কাজ করা ‘এইড ফর মেন ফাউন্ডেশন’ নামের একটি সংগঠন। তারা ইতোমধ্যে রাকিব হাসানের সঙ্গে সাক্ষাৎ করেছেন। এ সংক্রান্তে রাকিবকে আইনগত সহায়তা দেয়ার পাশাপাশি যেকোনো যৌক্তিক সহায়তায় পাশে থাকার আশ্বাস দিয়েছে সংগঠনটি। শুরুর দিকে এ বিষয়ে অভিযোগ নিতে উত্তরা পশ্চিম থানা পুলিশের অনীহা থাকায় বিচার নিয়ে শঙ্কা প্রকাশ করেছে সংগঠনটি।

সাকিবের ভাগ্য নির্ধারণ আজ

চলতি বছরের জন্য বিসিবির সঙ্গে জাতীয় দলের ক্রিকেটারদের কেন্দ্রীয় চুক্তির তালিকা এখনও ঘোষণা করা হয়নি। আইসিসির নিষেধাজ্ঞার কারণে গত বছর কেন্দ্রীয় চুক্তিতে ছিলেন না সাকিব আল হাসান। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে হোম সিরিজের মাধ্যমে আন্তর্জাতিক ক্রিকেটে প্রত্যাবর্তন হওয়া সাকিবের নতুন বছরের কেন্দ্রীয় চুক্তিতে ফেরার সম্ভাবনা রয়েছে।

তবে এপ্রিলে শ্রীলঙ্কার বিপক্ষে বাংলাদেশের টেস্ট খেলতে না চাওয়া এ অলরাউন্ডারকে লাল বলের ক্রিকেটে বিসিবির কেন্দ্রীয় চুক্তিতে এবার নাও রাখা হতে পারে। টেস্টের সময় আইপিএলে খেলার জন্য ছুটি চেয়েছেন সাকিব। বিসিবিও ছুটি মঞ্জুর করেছে। তাই নতুন বছরের কেন্দ্রীয় চুক্তিতে সাকিবের ফেরা নিয়ে দেখা দিয়েছে ধোঁয়াসা।

এসবের মাঝেই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট ব্যর্থতার কারণ খুঁজতে কয়েকজন সিনিয়র ক্রিকেটার ও কোচিং স্টাফের সদস্যদের আলাদাভাবে নিজের বাসায় তলব করেছিলেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান। আজ আবার পুরো দলের সঙ্গেই বসবেন তিনি। তবে আগামীকাল নিউজিল্যান্ডের পথে রওনা হওয়ার অপেক্ষায় থাকা বাংলাদেশ দলের সঙ্গে মিরপুরের বিসিবি কার্যালয়ে আজকের সাক্ষাতটি সৌজন্যই হওয়ার কথা। এ উপলক্ষে হাজির থাকবেন বিসিবি পরিচালকদের অনেকেও। তাঁদের সঙ্গেই মূলত কেন্দ্রীয় চুক্তি নিয়ে কোনো একটি সিদ্ধান্তে আজই পৌঁছে যেতে পারে দেশের সর্বোচ্চ ক্রিকেট প্রশাসন।

পরিচালনা পর্ষদের সর্বশেষ সভায় ঠিক হয়েছিল, আরো কিছুদিন দেখে করা হবে চুক্তিবদ্ধ ক্রিকেটারদের নতুন তালিকা। ক্রিকেট অপারেশনস কমিটির প্রধান আকরাম খানের বক্তব্যে মনে হচ্ছে সেটি হয়ে যেতে পারে দ্রুতই, ‘কালকের (আজ) সভায় আমিই বিষয়টি তুলব। এমনও হতে পারে এই সভা থেকেই কেন্দ্রীয় চুক্তির বিষয়টি চূড়ান্ত হয়ে যেতে পারে। যদিও অনেক দিন খেলার মধ্যে না থাকায় আমরা ঠিক করেছিলাম, কয়েকটি সিরিজের পারফরম্যান্স দেখেই তালিকা করব।’

এর মাঝখানেই শ্রীলঙ্কার বিপক্ষে টেস্ট সিরিজ থেকে ছুটি নিয়ে সাকিব আল হাসানের আইপিএল খেলার সিদ্ধান্ত নেওয়ার বিষয়টিও চলে এসেছে। কেন্দ্রীয় চুক্তিবিষয়ক আলোচনার অনেকটা জুড়েই তাই থাকার

কথা এই অলরাউন্ডারের। আকরামও দিয়েছেন সে ইঙ্গিত, ‘সাকিবের বিষয়টি তো অবশ্যই আলোচনার দাবি রাখে।’ টেস্ট খেলতে না চাওয়া সাকিবকে লাল বলের চুক্তির বাইরে রাখার মতও আছে বোর্ডে। সেটি তাঁকে আর কখনো টেস্টে নিয়মিত পাওয়া যাবে না ধরে নিয়েই। তবে আকরাম এখনই অত দূরের ভাবনায় যেতে চান না, ‘আমার কাছে যে চিঠি আছে, তাতে সে মাত্র দুটি টেস্টের জন্য ছুটি চেয়েছে। আমাকে কথা বলতে হবে সেটি ধরেই।’

এদিকে নির্বাচকরাও চুক্তির জন্য সম্ভাব্য ক্রিকেটারদের তালিকা তৈরি করে রেখেছেন বলে জানিয়েছেন প্রধান নির্বাচক মিনহাজুল আবেদীন, ‘আমরা তালিকা করে রেখেছি। বোর্ড চাইলেই দিয়ে দেব।’

নাসিরকে জড়িয়ে গুঞ্জন : মারিয়া বললেন ‘স্রেফ বন্ধুত্ব, এর বাইরে কিছু না!’

বিমান বালা তামিমা তাম্মি ও ক্রিকেটার নাসির হোসেনের বিয়ে নিয়ে শোরগোলের মধ্যে নতুন বিতর্কে জড়ালেন মডেল মারিয়া মিম। নাসিরের সঙ্গে জড়িয়ে মিমকে নিয়ে নানা মুখরোচক কথা শোনা যাচ্ছে। কেউ বলছেন ক্রিকেটার নাসির হোসেনের সঙ্গে নাকি প্রেমের সম্পর্ক মিমের, আবার কেউ কেউ বলছেন নাসির তার সাবেক প্রেমিক।

বিষয়টি নিয়ে বিব্রত মারিয়া মিম মুখ খুললেন গণমাধ্যমে। তিনি বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ‘বিভিন্নজন ফোন দিয়ে নাসির সম্পর্কে নানা কথা জিজ্ঞেস করছে। আমি অবাক হয়েছি বিষয়টি নিয়ে।

নাসিরকে জড়িয়ে গুঞ্জন বিষয়ে মিম আরও জানান, ‘নাসিরের বিয়ের অনুষ্ঠানে দাওয়াত ছিল। অল্প কিছু মানুষ অবশ্য সেই আকদ অনুষ্ঠানে আমন্ত্রণ পেয়েছিল। সেখানে গিয়েছি। নাসিরের সঙ্গে বেশ কয়েকটি ছবিও তুলেছিলাম। ওসব ফেসবুকে পোস্ট করার পর থেকেই যন্ত্রণায় পড়েছি। মানুষ ক’দিন থেকে অত্যাচারে অতিষ্ঠ করে তুলছিল। আর শনিবার নাসিরকে নিয়ে নতুন খবর প্রকাশ হবার পর আরো শুরু হয়েছে- আমি নাকি

নাসিরের প্রেমিকা ছিলাম।’

তাহলে নাসিরের সঙ্গে আপনার সম্পর্ক কি প্রশ্নের উত্তরে মিম বলেন, ‘স্রেফ বন্ধুত্ব। নাসির আমার বন্ধু। সেই হিসেবে আমাকে আমন্ত্রণ জানিয়েছে। এর বাইরে কিছু না। বন্ধুর সঙ্গে কিছু ছবি তুলেছি, এই যা- এর বাইরে কিছু নয়।’

বিষয়টি নিয়ে ফেসবুকেও একটি পোস্ট লিখেছেন মারিয়া। তিনি জানান, ‘নাসির নাসির করে আমাকে মেসেজ দেওয়া বন্ধ করেন। কারো পারসোনাল লাইফ নিয়ে পড়ে থাকি না। ওর ওয়াইফ-এর কাহিনি সত্য না মিথ্যা তাতো জানতে পারছেন। আমার কাছে জানার কি আছে?’

উল্লেখ্য, বিশ্ব ভালোবাসা দিবসে তামিমা তাম্মিকে বিয়ে করেন ক্রিকেটার নাসির হোসেন। অভিযোগ উঠেছে, আগের স্বামী মো. রাকিব হাসানকে তালাক না দিয়েই নাসিরকে বিয়ে করেছেন তামিমা তাম্মি। এমনকি নাসির ও রাকিবের আগে তামিমার ছয় মাসের আরও একটি সংসার ছিল বলেও শোনা যাচ্ছে। গতকাল দিনভর এসব বিতর্কের পরও রাতেই বিবাহোত্তর সংবর্ধনা সারেন নাসির-তামিমা।